

বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের এমপিওর কাজ শেষ পর্যায়ে রয়েছে। শিগগিরই ঘোষণা করা হবে বলে জানিয়েছেন শিক্ষামন্ত্রী ডা. দীপু মনি। গতকাল বেলা ১১টায় শেরপুরে আওয়ামী লীগের ত্রিবার্ষিক সম্মেলনে যোগ দেওয়ার আগে সাংবাদিকদের এক প্রশ্নের জবাবে তিনি এ কথা বলেন। শিক্ষামন্ত্রী বলেন, গত বছরের ১০ থেকে

৩১ অক্টোবর পর্যন্ত এমপিওভুক্তির জন্য অনলাইনে আবেদন জমা নেওয়া হয়েছে। তাতে নিম্ন মাধ্যমিক স্কুল, মাধ্যমিক স্কুল, উচ্চ মাধ্যমিক কলেজ ও ডিগ্রি কলেজ মিলে সাড়ে চার হাজারের বেশি আবেদন পড়েছে। এ ছাড়া প্রায় চার হাজার মাদ্রাসা ও কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান আবেদন করেছে। আবেদন করা মোট সাড়ে ৮ হাজার প্রতিষ্ঠানের মধ্যে নতুন শিক্ষা প্রতিষ্ঠান সাড়ে ৬ হাজার। আবেদন পাওয়ার পর কতগুলো শিক্ষা প্রতিষ্ঠানকে এমপিওভুক্ত করা যায়, তা নিয়ে যাচাই-বাছাই চলছে। এ বিষয়ে দ্রুতই ঘোষণা করা হবে।

মন্ত্রী বলেন, নতুন শিক্ষা কারিকুলাম চালু হলে শিক্ষাব্যবস্থার কোনো ক্ষতি হবে না। আওয়ামী লীগ একটি গণতান্ত্রিক দল। আমাদের যে ৭২ বছরের ইতিহাস রয়েছে, সেখানে আমরা সবসময় গণতান্ত্রিক প্রক্রিয়ায় নির্বাচন করে ক্ষমতায় এসেছি। তাই সব দলের অংশগ্রহণে একটি অংশগ্রহণমূলক নির্বাচন করতে প্রস্তুত আওয়ামী লীগ।

এ সময় উপস্থিত ছিলেন জেলা আওয়ামী লীগের সভাপতি, জাতীয় সংসদের হুইপ বীর মুক্তিযোদ্ধা মো. আতিউর রহমান আতিক, দলের কেন্দ্রীয় সাংগঠনিক সম্পাদক শফিউল আলম চৌধুরী নাদেল, সাংস্কৃতিক সম্পাদক অসীম কুমার উকিল এমপি, সদস্য মারুফা আক্তার পপি ও উপাধ্যক্ষ রেমন্ড আরেং, জেলা প্রশাসক মো. মোমিনুর রশীদ, পুলিশ সুপার মো. হাসান নাহিদ চৌধুরীসহ অন্য রাজনৈতিক নেতারা। #